# ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মালিকানাধীন "বিচারপতি শাহাবুদ্দিন আহমদ পার্ক" এর পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনার জন্য উদ্যোগী সংস্থা/প্রতিষ্ঠান/ব্যক্তি নিয়োগ সংক্রান্ত কার্যপরিধি (TOR)

১। **ভূমিকাঃ** ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধীন উন্মুক্ত স্থানসমূহের আধুনিকায়ন, উন্নয়ন ও সবুজায়ন প্রকল্পের মাধ্যমে ঢাকা শহরের গুলশান এলাকায় ৮৩ নং রোড সংলগ্ন প্রায় ৮.১৮ একর জায়গার উপর বিচারপতি শাহাবুদ্দিন আহমদ পার্কটি সম্প্রতি উন্নয়ন করা হয়েছে। উক্ত পার্কটি একটি কমিউনিটি পার্ক, যা সর্ব সাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত। পার্কটিতে বয়স্ক নারী-পুরুষ, যুবক-যুবতী, শিশু-কিশোরসহ সব বয়সী লোকের বিনোদনের ব্যবস্থা রয়েছে। পার্কে পায়ে হাঁটা-চলার পথ, সাইকেল লেন, ব্যায়ামাগার, লাইব্রেরি, ক্যান্টিন, কিয়োস্ক, এম্পিথিয়েটার, বাস্কেটবল ও ব্যাডমিন্টন কোর্টসহ বিনোদন ও খেলার ব্যবস্থা রয়েছে। পার্কটিতে একটি জলাধারসহ গাছ-গাছালির ব্যবস্থা রয়েছে।

২। **পার্কটি'র বিদ্যমান স্থাপনা ও সুবিধাদির সংক্ষিপ্ত বিবরণঃ**

**১) বাস্কেটবল গ্রাউন্ডঃ**

পার্কের অভ্যন্তরে মেইন গেট দিয়ে ঢুকে হাতের বাম পাশে একটি বাস্কেট বল খেলার একটি মাঠ রয়েছে; যা আরসিসি ফ্লোর করে তৈরি করা হয়েছে। ইহার সাইজ ২৭.৫ মিঃ x ২০ মিঃ। মাঠের Floor এ Apoxi Paint করা হয়েছে। বাস্কেট বল মাঠের ছাদে ইমপোর্টেড ৮ মিমি পলিকার্বন শিট ব্যবহার করা হয়েছে; যার উচ্চতা ফ্লোর হইতে ৪.৫০ মিটার। পলিকার্বন শিট এর নিচে কাঠের পার্লিন ব্যবহার হয়েছে। ইহা মূলত সাধারণ জনগণের জন্য উন্মুক্ত।

**২) ব্যাডমিন্টন কোর্টঃ**

পার্কের অভ্যন্তরে পুকুরের উত্তর পাশের ঘাটের সাইডে একটি ব্যাডমিন্টন কোর্ট রয়েছে; যার সাইজ ১৭.৫ মিঃ x ১১.০০ মিঃ। কোর্ট এর গ্রাউন্ড সিসি এর উপর পেভমেন্ট টাইলস দ্বারা তৈরি করা হয়েছে। ইহা পার্ক ব্যবহারকারীদের জন্য উন্মুক্ত থাকবে।

**৩) ব্যায়ামাগার ও নামাজের স্থানঃ**

পার্কের অভ্যন্তরে মেইন গেট দিয়ে ঢুকে হাতের ডান পাশে ব্যায়ামাগার ও নামাজের স্থানটি অবস্থিত। ইহার ফ্লোর আরসিসি এর উপর কোটা স্টোন ও টাইলস ব্যবহার করা হয়েছে। ব্যায়ামাগার এবং নামাজের ঘর এ থাই এ্যালুমিনিয়াম ফুল হাইট করে তৈরি করা হয়েছে; যার উপরে এ্যালুমিনিয়াম লুভার ব্যবহার করা হয়েছে। ব্যায়ামাগার এ ৪টি এবং নামাজের ঘরে ৬টি ফ্যান রয়েছে। ব্যায়ামাগার ও নামাজের স্থানের মধ্যবর্তী ৭টি টয়লেট ও ২টি ড্রেস চেঞ্জিংরুম রয়েছে। ইহার সামনে বিনোদনের জন্য বসার সিটিংসহ সবুজের আচ্ছাদন রয়েছে। উদ্যোগী সংস্থা ব্যয়াম অনুশীলন, স্বাস্থ্য ও সুস্থতা কার্যক্রম পরিচালনা করতে পারবে। ব্যায়ামাগারের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি (Tools) উদ্যোগী সংস্থাকে নিজ খরচে স্থাপন করতে হবে।

**৪) হাঁটার পথ (Walkway)ঃ**

পার্কের অভ্যন্তরে পার্কের চতুর্দিকে হাঁটার জন্য বিভিন্ন ওয়াকওয়ে রয়েছে। যার মধ্যে সিসি ব্লক সম্বলিত রাস্তার দৈর্ঘ্য ৬৭৮ রানিং মিটার, ১০ ছিদ্র ইট সম্বলিত রাস্তার দৈর্ঘ্য ৬০০.০০ রানিং মিটার এবং Soft Pavement walkway এর দৈর্ঘ্য ১৫৬.২৫ রানিং মিটার। সিসি ব্লক রাস্তাটিতে (200X600X62)mm সাইজের সিসি ব্লক ব্যবহার করা হয়েছে এবং নিচে সিসি ঢালাই করা আছে, ১০ ছিদ্র ইট সম্বলিত রাস্তার নিচে সিসি ঢালাই করা হয়েছে এবং Soft Pavement walkway Hexagonal Block দিয়ে তৈরি করা হয়েছে।

পার্কের অভ্যন্তরে পুকুরের চতুর্দিকে হাঁটার জন্য Wood Plastic Composit (WPC) এর তৈরি ওয়াকওয়ে রয়েছে। ইহার রেলিং MS & SS সম্বলিত। এবং WPC এর নিচে সিসি ঢালাই করা হয়েছে। এর দৈর্ঘ্য প্রায় ৩৭৫ রানিং মিটার।

**৫) মেইন গেটঃ**

৮৩নং রোড সংলগ্ন মেইন গেটটি আরসিসি শেয়ার ওয়াল এর উপরে স্টিল স্ট্রাকচার করে তৈরি করা হয়েছে। যার ছাদ হিসেবে ৮মিমি Imported Poly Carbonate Sheet ব্যবহার করা হয়েছে এবং Poly Carbonate Sheet এর নিচে Wooden Frame ব্যবহার করা হয়েছে। এছাড়া পার্কের পূর্ব পাশে ৮৬নং রোড সংলগ্ন একটি সেকেন্ডারি গেট রয়েছে।

**৬) পুকুর, পুকুর ঘাট এবং ঘাট শেডঃ**

পার্কের অভ্যন্তরে (১০২.৫০ x ৮১.০০) মিটার সাইজের একটি পুকুর রয়েছে। পুকুরের ভিতরে একটি ওয়াটার ফাউন্টেন রয়েছে যাতে ১০টি নোজল (Nozzle) ব্যবহার করা হয়েছে। পুকুরের উত্তর, দক্ষিণ, পশ্চিম পার্শ্বে একটি করে মোট তিনটি ঘাট এবং ২টি ঘাট শেড রয়েছে। এছাড়াও পুকুরে চারিপাশে ৩টি ভিউয়িং ডেক এবং ১টি পারফরমেন্স ডেক রয়েছে। ঘাটে ইম্পোর্টেড লাইট এবং সিরামিক ইট ব্যবহার করা হয়েছে। ঘাট শেডে ছাদ হিসেবে স্টিল বক্স এর উপর উডেন পার্লিন এর উপর ৮মিমি Imported পলিকার্বন শিট ব্যবহার করা হয়েছে।

**৭) ওয়াচ টাওয়ারঃ**

ইহা ৪(চার) তলা বিশিষ্ট একটি Steel Structure বিল্ডিং; যার উচ্চতা প্রায় ১৪.৩২ মিটার। ইহার গ্রাউন্ড ফ্লোর আরসিসি বাকি উপরের তিন তলা Steel Structure। এর চারপাশে স্টিল নেট দ্বারা আবৃত করা আছে। ৪(চার) তলার উপরে ওভারহেড ওয়াটার ট্যাংক রয়েছে। ট্যাংক এর চারপাশে এমএস লুভার ব্যবহার করা হয়েছে। নীচ তলায় পাম্প রুম ও সিকিউরিটি কন্ট্রোল রুম রয়েছে।

**৮) মহিলা ও শিশু কর্ণারঃ**

পার্কের উত্তর-পশ্চিম পার্শ্বে মহিলা ও শিশু কর্ণার রয়েছে; যার ফ্লোর আরসিসি এর ওপর কোটা স্টোন ব্যবহার করা হয়েছে। এর এরিয়া প্রায় ২৪০ বর্গমিটার এখানে মহিলাদের বসার ব্যবস্থা করা হয়েছে এবং মহিলাদের ব্যবহারের জন্য ২টি টয়লেট রয়েছে। ইহার ছাদ আরসিসি ঢালাই করা হয়েছে। ইহাতে প্রয়োজনীয় Imported Light এর ব্যবস্থা রয়েছে।

**৯) কিয়স্কঃ**

পার্ক অভ্যন্তরে বিভিন্ন জায়গায় সর্বমোট ৬(ছয়)টি কিয়স্ক রয়েছে। ইহাতে বসার জন্য সিটিং রয়েছে। প্রতিটি'র ফ্লোরের আয়তন ১৯.৩৬ বর্গমিটার। ইহার ফ্লোর আরসিসি এর উপর কোটা স্টোন ব্যবহার করে করা হয়েছে। ছাদ হিসেবে Steel Structure এর উপর উডেন পার্লিন এর উপর ৮মিমি Imported Poly Carbonate Sheet ব্যবহার করা হয়েছে।

**১০) এ্যাম্ফিথিয়েটার (Amphitheater:)**

ইহা পার্কের উত্তর-পূর্ব দিকে পুকুর সংলগ্ন একটি উন্মুক্ত বসার স্থান। এতে মোট ২১ টি বসার বেঞ্চ রয়েছে। বসার বেঞ্চগুলো আরসিসি'র উপর Wood Plastic Composit ব্যবহার করে করা হয়েছে। এখানে বসে বিভিন্ন অনুষ্ঠান দেখা যাবে ও বিনোদন মূলক অনুষ্ঠান করা যাবে। এখানে প্রতিটা সিটিং এ Imported Light ব্যবহার করা হয়েছে। বেঞ্চগুলোর সম্মুখে পুকুরের উপর একটি মনোরম অনুষ্ঠান মঞ্চ রয়েছে।

**১১) গ্রন্থাগার ও কফি কর্ণার (Library & Coffee Corner:)**

পার্কের উত্তর-পূর্ব কর্ণারে লাইব্রেরি এবং কফি হাউজটি অবস্থিত। এর এরিয়া প্রায় ২৮৮.০০ বর্গমিটার। এর ফ্লোর আরসিসি এর উপর কোটা স্টোন ও টাইলস ব্যবহার করে করা হয়েছে। লাইব্রেরি রুম থাই এ্যালুমিনিয়াম ফুলহাইট করে করা হয়েছে। যাহার উপরে এ্যালুমিনিয়াম লুভার ব্যবহার করা হয়েছে। লাইব্রেরি সংলগ্ন একটি Coffee

Corner রয়েছে। এখানে ৬টি টয়লেট রয়েছে এবং ওয়াটার ফাউন্টেইন এর কন্ট্রোল রুম রয়েছে। উদ্যোগী সংস্থা আসবাবপত্রসহ প্রয়োজনীয় বই, ম্যাগাজিন, পত্রিকার ব্যবস্থা করবে।

**১২) সাইকেল লেনঃ**

পার্কের চতুর্দিকে হাঁটার পথের সমান্তরালে প্রায় ৭৫০.০০ রানিং মিটার দীর্ঘ সাইকেল লেন রয়েছে। সাইকেল লেন এর বেইজ এ ২(দুই) ধরণের পাথর ব্যবহার করা হয়েছে। এর টপ লেয়ার Imported কেমিক্যাল ব্যবহার করে তৈরি করা হয়েছে।

**১৩) বিদ্যুৎ ও নিরাপত্তা ব্যবস্থা (Electrical and Security System)**

পার্কের অভ্যন্তরে বিভিন্ন জায়গায় ২৫টি সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে; যার নিয়ন্ত্রণ কক্ষটি ওয়াচ টাওয়ারের নীচ তলায় রাখা হয়েছে। পার্ক অভ্যন্তরে নিরাপত্তা আলো সরবরাহের জন্য ৫০৫টি বৈদ্যুতিক বাতি রয়েছে। সিসি ক্যামেরা স্থাপনের জন্য পার্ক অভ্যন্তরে বিভিন্ন জায়গায় ২৪টি ক্যামেরার পোল রয়েছে এবং বিদ্যুৎ ও বাতি স্থাপনের জন্য পার্ক অভ্যন্তরে ৩০টি বৈদ্যুতিক পোল রয়েছে।

**১৪) বেস্টনী দেয়াল (Boundary Fence)**

পার্কের পূর্ব ও পশ্চিমে দৃষ্টি নন্দন Steel Boundary Fence ব্যবহার করা হয়েছে। উত্তর ও দক্ষিণ পার্শ্বে ইটের গাথুনীর উপর প্লাস্টারের ওয়েদার কোট রং করা বাউন্ডারী রয়েছে।

**১৫) টয়লেটঃ**

পার্কের অভ্যন্তরে বিভিন্ন স্থানে প্রয়োজনীয়তা বিবেচনায় সর্বমোট ১৯ টি টয়লেট রয়েছে; যার মধ্যে মসজিদ ও জিমনেশিয়াম প্রান্তরে ১১টি, মহিলা ও শিশু কর্ণার প্রান্তরে ২টি এবং লাইব্রেরি ও কফি হাউজ প্রান্তরে ৬টি। প্রতিটি টয়লেটে হাই কমোড, হাত ধোয়ার বেসিন, আয়না, লাইট, লিকুইড স্ট্যান্ড এবং টাওয়েল স্ট্যান্ডসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থাদি রয়েছে।

**১৬) গাছের বিবরণঃ**

পার্কের অভ্যন্তরে বিভিন্ন প্রজাতির ফলদ, বনজ মিলে প্রায় ১৭০০ বৃক্ষ রয়েছে। যার বিস্তারিত বিবরণ ডিএনসিসি'র সংশ্লিষ্ট দপ্তরে রক্ষিত আছে।

৩। **পার্কটি পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্তঃ (উদ্যোগী সংস্থার দায়িত্ব)**

**১) পার্ক ও মাঠ পরিচর্যাঃ**

* পার্ক ও খেলার মাঠের প্রণীত নকশায় বিদ্যমান ও রোপিত বৃক্ষসমূহ, ঘাস ইত্যাদির নিয়মিত পরিচর্যা ও রক্ষণাবেক্ষন করতে হবে।

* এজন্য প্রয়োজনীয় মালী নির্দিষ্ট ইউনিফরম পরিধান করে প্রয়োজনীয় যন্ত্রপাতি সমেত কর্মপরিচালনা করবে। এক্ষেত্রে কর্পোরেশন কর্তৃক অনুমোদিত নকশা অনুযায়ী কার্যপরিচালনা হবে ও "আঞ্চলিক ব্যবস্থাপনা কমিটি" এর পরামর্শক্রমে তা বাস্তবায়ন নিশ্চিত হবে।

**২) বৈদ্যুতিক ব্যবস্থাঃ**

* বৈদ্যুতিক লাইট, সরবরাহ ব্যবস্থা ও অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদি নিয়মিত রক্ষণাবেক্ষণ এর মাধ্যমে সচল রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।

* নষ্ট বা বিকল হওয়া বৈদ্যুতিক যন্ত্রপাতি মেরামত এবং প্রতিস্থাপনযোগ্য হলে তা প্রতিস্থাপন করবে। এ সংক্রান্ত যাবতীয় বিল উদ্যোগী সংস্থাকে পরিশোধ করতে হবে।

**৩) পরিচ্ছন্নতা ও বর্জ্য ব্যবস্থাপনাঃ**

* নিয়মিতভাবে পার্ক ও খেলার মাঠের পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা ও যথাযথভাবে কঠিন বর্জ্য অপসারণ করার জন্য নির্দিষ্ট শিফটে পর্যাপ্ত সংখ্যক পরিচ্ছন্নতা কর্মী কার্যরত থাকতে হবে।

* প্রতিটি পরিচ্ছন্নতা কর্মী নির্দিষ্ট ইউনিফরম পরিধান সহ যথাযথ সরঞ্জামাদি নিয়ে কর্মরত থাকবে এবং পরিচ্ছন্নতা নিশ্চিতকরণে দায়বদ্ধ থাকবে।

* আবর্জনা পাত্রসমূহ শিফট শেষে আবর্জনামুক্ত ও যথাযথ স্থানে রাখা পরিচ্ছন্নতা কর্মী কর্তৃক নিশ্চিত করতে হবে। উক্ত পাত্রসমূহ নিয়মিত রক্ষণাবেক্ষণ/ প্রতিস্থাপন করতে হবে।

* প্রতিটি টয়লেট (প্রক্ষালন কেন্দ্র) প্রতি ঘন্টার বিরতিতে পরিচ্ছন্ন করার মাধ্যমে যাবতীয় সুবিধাদি যথাযথ ব্যবহারযোগ্য থাকা নিশ্চিত করতে হবে।

**৪) পানি নিষ্কাশনঃ**

* পরিচ্ছন্নতা কর্মী দ্বারা পার্ক ও খেলার মাঠের পানি নিষ্কাশন বা ড্রেনেজ ব্যবস্থার নিয়মিত রক্ষণাবেক্ষণ ও পরিস্কার করতে হবে।

* কারিগরী জনবল দ্বারা নিয়মিতভাবে নিষ্কাশন লাইন নিরীক্ষণ, ত্রুটি চিহ্নিতকরণ ও তা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**৫) নিরাপত্তা ব্যবস্থাঃ**

* দর্শনার্থী বা পার্ক ও খেলার মাঠ ব্যবহারকারীদের জন্য নিরাপদ পরিবেশ বজায় রাখা এবং তাদের নিরাপত্তা প্রদানের জন্য নির্দিষ্ট শিফটে পর্যাপ্ত সংখ্যক নিরাপত্তা কর্মী কার্যরত থাকতে হবে।

* নিয়োগকৃত ব্যক্তিগণ নিরাপত্তা বিষয়ে "আঞ্চলিক ব্যবস্থাপনা কমিটি" কর্তৃক সুপারিশকৃত পদ্ধতি যথাযথভাবে পালনে কর্তব্যনিষ্ঠ হবে এবং যথাযথ নিয়োগপত্র ও নির্দিষ্ট শিফট অনুযায়ী দায়িত্ব পালন করবে।

* ডিউটিরত অবস্থায় সার্বক্ষণিকভাবে নিরাপত্তা কর্মীকে যথাযথ পোশাক, সরঞ্জামাদি ও ইউনিফরম পরিধানরত থাকতে হবে।

* অবাঞ্ছিত কার্যক্রম পরিহার করার জন্য টহলকারী নিরাপত্তা কর্মীরা নির্দিষ্ট সময় অন্তর পারস্পরিক অবস্থান পরিবর্তন করবে এবং স্থানিক নিরাপত্তা কর্মীরা নির্দিষ্ট অঞ্চলে প্রবেশ নিয়ন্ত্রণসহ সার্বিক নিরাপত্তা (স্থান ত্যাগ না করে) নিশ্চিত করায় সচেষ্ট থাকবে।

* যেকোন ধরণের নিরাপত্তা ঝুঁকি প্রতিরোধে দক্ষতা সম্পন্ন নিরাপত্তা কর্মীর মাধ্যমে কার্যকর নিরাপত্তা পর্যবেক্ষণ (সিসি ক্যামেরা মনিটরিং) ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সিসি ক্যামেরাগুলো সার্বক্ষণিক সচল রাখতে হবে।

**৬) অবকাঠামো রক্ষণাবেক্ষণঃ**

* অবকাঠামো রক্ষণাবেক্ষণের নিমিত্ত নির্দিষ্ট সময় অন্তর অন্তর অবকাঠামোসমূহের ক্ষতি নিরূপন, অর্ধ-বার্ষিক ভিত্তিতে অবকাঠামো রক্ষণাবেক্ষণের কর্মসূচি প্রস্তুতকরণ ও ক্ষতিগ্রস্ত অবকাঠামোসমূহের প্রয়োজনীয় সংস্কার করার বিষয়ে উদ্যোগী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

* প্রয়োজন অনুসারে কর্পোরেশনের অনুমোদনক্রমে সংযোজন, বিয়োজন বা পরিবর্তন কার্যক্রম পরিচালনা করতে পারবে।

**৭) ব্যায়ামাগার সচল রাখাঃ**

* উদ্যোগী সংস্থার নিজ খরচে ব্যায়ামাগারে প্রয়োজনীয় ব্যায়াম সরঞ্জামাদি (Exercise Tools) স্থাপন করতে হবে এবং তা সার্বক্ষনিক সচল রাখতে হবে।

* এক্ষেত্রে উদ্যোগী সংস্থা কর্পোরেশন কর্তৃক নির্ধারিত হারে ব্যবহারকারীদের নিকট হতে ফি নিতে পারবে।

* পার্কে স্বাস্থ্য সুরক্ষা, সুস্থতা ও ব্যায়াম অনুশীলন বিষয়ক কার্যক্রম পরিচালনা করা যাবে।

**৮) গ্রন্থাগার ও ক্যাফে কর্ণারঃ**

* গ্রন্থাগার প্রয়োজনীয় আসবাবপত্রসহ বই, ম্যাগাজিন, পত্রিকা ইত্যাদির ব্যবস্থা করতে হবে।

* ক্যাফে কর্ণারটি সচল করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। কর্পোরেশন কর্তৃক পূর্ব

অনুমোদিত মূল্যে চা, কফি ইত্যাদি বিক্রি করতে হবে।

**৯) এ্যাম্ফিথিয়েটার চালু রাখাঃ**

* এ্যাম্ফিথিয়েটারটি সার্বক্ষণিক ব্যবহার উপযোগী রাখতে হবে। এক্ষেত্রে ইহার মঞ্চসহ বসার বেঞ্চ, ঘাস ও বাতিসমূহের প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ করতে হবে। কর্পোরেশন কর্তৃক পূর্ব অনুমোদিত হারে নির্দিষ্ট সময়ের জন্য এ্যাম্ফিথিয়েটার ভাড়া দেয়া যাবে।

**১০) বাচ্চাদের খেলনাসমূহ সচল রাখাঃ**

* ডিএনসিসি'র অর্থায়নে পার্কটি'র একটি অংশে বাচ্চাদের জন্য খেলনা স্থাপন করে দেয়া হবে। উক্ত খেলনাসমূহ সার্বক্ষণিকভাবে ব্যবহার উপযোগী রাখার নিমিত্তে প্রয়োজনীয় মেরামত/প্রতিস্থাপন করতে হবে। তবে এ জন্য ব্যবহারকারীদের নিকট হতে কোন ধরনের ফী আদায় করা যাবে না।

**১১) বিবিধঃ**

* উপরোক্ত বিষয়াদি ছাড়াও পার্ক ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা মোতাবেক অন্যান্য কার্যাবলী সম্পন্ন করতে হবে।

৪। **প্রস্তাব মূল্যায়নের জন্য বিবেচ্য নির্ণায়ক (Criteria):**

(ক) প্রতিষ্ঠানের অভিজ্ঞতা।
(খ) প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা।
(গ) প্রতিষ্ঠানের জনবল।
(ঘ) পার্কটি পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত কারিগরি প্রস্তাব (Approach & Methodology).
(ঙ) পার্কটি পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত Business Plan.
(চ) দাখিলকারীর উদ্ভাবনী, তথ্য প্রযুক্তি ব্যবহার এবং পার্ক ব্যবহারকারীর সাথে সামঞ্জস্যপূর্ণ উপস্থাপনা।
(ছ) স্বাস্থ্য, সুস্থতা ও ব্যায়াম অনুশীলন কার্যক্রম পরিচালনা করার অভিজ্ঞতা ও সক্ষমতা।
(জ) পার্ক ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ ইত্যাদির জন্য জনবলসহ কর্মপরিকল্পনা।
(ঝ) টেকসই ব্যবস্থাপনা পরিকল্পনা (Sustainablility Plan)
(ঞ) একটি সংক্ষিপ্ত Power Point Presentation.
(ট) এ ছাড়াও কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত অন্য যে কোন **Criteria.**

উল্লেখ্য যে, যথাযথ বিধি-বিধান ও প্রক্রিয়া অনুসরণ করে স্বচ্ছতার ভিত্তিতে কর্পোরেশন উদ্যোগী সংস্থা নির্বাচন করবে।

৫। **পার্কটি পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনার জন্য বিবেচ্য শর্তাবলী ঃ**

(ক) পার্কটি পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও নির্বাচিত সংস্থা/প্রতিষ্ঠান/ব্যক্তি মধ্যে একটি দ্বি-পাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হবে; যার মেয়াদ হবে ৩(তিন) বছর।

(খ) চুক্তি স্বাক্ষরের পূর্বে নির্বাচিত সংস্থাকে জামানত হিসেবে ১০.০০ (দশ) লক্ষ টাকার ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি মেয়র ডিএনসিসি এর অনুকূলে জমা দিতে হবে।

(গ) পার্কটি সবার জন্য উন্মুক্ত বিধায় পার্কে প্রবেশে কোন নিয়ন্ত্রণ করা যাবে না এবং প্রবেশের জন্য কোন ফি ধার্য করা যাবে না।

(ঘ) পার্কের ভিতরে জনসচেতনতামূলক তথ্য প্রচার করতে হবে। কোন ইভেন্ট সমাপ্তির পর পরই উদ্যোগী সংস্থা নিজ উদ্যোগে পার্ক পরিচ্ছন্ন করবে। কোন অবস্থাতেই পার্ক ব্যবহারকারীদের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত করা যাবে না।

(ঙ) পার্কের অভ্যন্তরীণ সুযোগ-সুবিধাসমূহ (অনুমোদিত Business Plan) পরিচালনা ও রক্ষণাবেক্ষণ নির্বাচিত প্রতিষ্ঠানকে নিজ তত্ত্বাবধানে করতে হবে। পার্ক পরিচালনা ও রক্ষণাবেক্ষণের কাজে কোন সাব-কন্ট্রাক্ট প্রদান করা যাবে না।

(চ) পার্কের ভিতর ও বাহিরে কোন প্রকার স্থাপনা নির্মাণ, পরিবর্তন ও পরিবর্ধন করা যাবে না।

(ছ) ২নং অধ্যায়ে বর্ণিত গাছ-গাছালি/ সবুজায়নকে রক্ষণাবেক্ষণ করতে হবে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনুমতি ব্যতিরেকে কোন গাছ কর্তন, বিক্রি বা রোপন করা যাবে না। উক্ত গাছ-গাছালি নিয়মিত পরিচর্যা করতে হবে।

(জ) পার্কটির মাস্টার প্ল্যান অনুযায়ী সৌন্দর্য অক্ষুন্ন রাখতে হবে।

(ঝ) পার্কটি নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। পার্কের ভিতরে বা বাহিরে আবর্জনা স্তুপকৃত অবস্থায় রাখা যাবে না।

(ঞ) পার্কটি কমিউনিটি পার্ক বিধায় পার্কের ভিতর শান্তি-শৃঙ্খলা বিঘ্ন সৃষ্টিকারী কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না।

(ট) পার্কে অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা রাখতে হবে। কোন প্রকার অপ্রীতিকর বা সমাজ বিরোধী কার্যক্রম সংঘটিত হলে তার দায়-দায়িত্ব চুক্তিবদ্ধ উদ্যোগী সংস্থার উপর বর্তাবে।

(ঠ) চুক্তির শর্তাবলীর ব্যত্যয় ঘটলে চুক্তিটি বাতিল করার এখতিয়ার একক ভাবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সংরক্ষণ করবে।

(ড) পার্কটির ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণের জন্য সিটি কর্পোরেশনের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।

(ঢ) চুক্তি স্বাক্ষরের তারিখ হতে চুক্তির মেয়াদ পর্যন্ত পার্কের বিদ্যুৎ, পানি ও অন্যান্য ইউটিলিটি বিল সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিশোধ করবে।

(ণ) পার্কের ভিতরের বৈদ্যুতিক পোল, বাতি, সিকিউরিটি ক্যামেরা, পানির লাইন ইত্যাদিসহ যাবতীয় সুযোগ-সুবিধা ও স্থাপনার নিয়মিত মেরামত, রং করণ ও রক্ষণাবেক্ষণ করতে হবে। প্রাকৃতিক দুর্যোগের কারণে কোন স্থাপনা ক্ষতিগ্রস্থ হলে সেক্ষেত্রে উদ্যোগী সংস্থা ও ডিএনসিসি'র কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের ভিত্তিতে নির্ধারিত হবে।

(ত) পার্ক ও ইহার অভ্যন্তরীণ হাঁটার পথ, সাইকেল লেন, খেলা-ধুলার স্থানসহ সকল স্থান প্রতিদিন নিয়মিত ঝাড়ু দিতে হবে এবং প্রয়োজনে পানি দ্বারা পরিস্কার করতে হবে।

(থ) পার্কে পর্যাপ্ত পরিমাণ পরিচ্ছন্নতা কর্মী, নিরাপত্তা কর্মী, মালী ইত্যাদি নিয়োজিত রাখতে হবে এবং তাদের নির্ধারিত পোশাক পরিধান করতে হবে।

(দ) পার্কের ভেতরে জুয়া, তাস বা অন্য কোন নিষিদ্ধ খেলা ইভেন্টের আয়োজন করা যাবে না। পার্কের পরিবেশ বিঘ্নিত হয় এরূপ কোন কর্মকান্ড কিংবা অসামাজিক কার্যকলাপ হতে দেয়া যাবে না।

(ধ) জাতীয় বা রাষ্ট্রীয় দিবস উপলক্ষ্যে কিংবা ডিএনসিসি তাঁর প্রয়োজনে পার্কটি ব্যবহার করতে পারবে। এজন্য চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান কোন আর্থিক বা অন্য কোন সুবিধা দাবি করতে পারবে না।

(ন) প্রাথমিকভাবে চুক্তির মেয়াদ হবে ০৩(তিন) বছর। তবে উভয় পক্ষের সম্মতিক্রমে চুক্তিটি একবার সর্বোচ্চ ২(দুই) বছরের জন্য নবায়ন করা যাবে।

(প) চুক্তি ও অনুমোদিত ডিজাইন মোতাবেক পার্কটি পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ করতে হবে। ব্যর্থতায় চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানকে পরপর ০৩ (তিন) বার কারণ দর্শানো হবে। কারণ দর্শানোর সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হলে ডিএনসিসি চুক্তিটি বাতিল করতে পারবে।

(ফ) চুক্তি বাতিল হলে বা চুক্তি নবায়ন না হলে চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান ডিএনসিসি'র নিকট আর্থিক বা অন্য কোনরূপ ক্ষতিপূরণ বা সুবিধা দাবি করতে পারবে না।

(ব) চুক্তি বাতিল হলে বা চুক্তি নবায়ন না হলে পার্কটি'র পরিচালনা রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনার জন্য ডিএনসিসি তৃতীয় কোন পক্ষের সহিত চুক্তিবদ্ধ হতে পারবে। এ ক্ষেত্রে পূর্বের প্রতিষ্ঠান কোন আপত্তি করতে পারবে না এবং ডিএনসিসি বা চুক্তিবদ্ধ তৃতীয় পক্ষের নিকট কোনরূপ আর্থিক বা অন্য কোন সুবিধা বা ক্ষতিপূরণ দাবি করতে পারবে না।

(ভ) চুক্তি মেয়াদ শেষে পার্কটি ডিএনসিসি এর নিকট পূর্বের অবস্থায় বুঝিয়ে দিতে হবে এবং উদ্যোগী সংস্থা কর্তৃক স্থাপিত সরঞ্জামাদি ফেরত নিতে পারবে।

(ম) পার্কটি সূর্যোদয় হতে রাত ১০.০০ ঘটিকা পর্যন্ত খোলা থাকবে।

E:\14-06-2020 ... □□□□□ □□□□□ □□□□□□□□□□ □□□□□□□□□□ (TOR)

১৮-১২-২০২০

(য) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনুমোদনের ভিত্তিতে পার্কের বিভিন্ন স্থাপনা বা কার্যক্রমের ভাড়া/ ফি (প্রযোজ্য ক্ষেত্রে) নির্ধারিত হবে।

(র) পার্কটি পরিচালনা ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে ডিএনসিসি'র এ সংক্রান্ত নীতিমালা/ নির্দেশিকা অনুসরণ করতে হবে।

(ল) সরকার/ ডিএনসিসি কর্তৃক সময় সময় জারিকৃত বিধি-বিধান আবশ্যিক ভাবে পালন করতে হবে।

(মোহাম্মদ মামুন-উল-হাসান)
প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
ও
সদস্য
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

(আবদুল্লাহ আল বাকী)
আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা
অঞ্চল- ৩
ও
সদস্য
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

(রবীন্দ্রশ্রী বড়ুয়া)
সচিব
ও
সদস্য
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

(ড. আরিফ বিন ইউসুফ)
প্রধান নগর পরিকল্পনাবিদ
ও
সদস্য-সচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

(মোঃ মোজাম্মেল হক)
প্রধান সম্পত্তি কর্মকর্তা
ও
আহ্বায়ক
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।